

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮০.৯৯.০০১.১৭.২২০

তারিখ: ২৮ আষাঢ়. ১৪২৫

১২ জুলাই ২০১৮

বিষয়: শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট এর অধ্যাপক ড. মুহাম্মদ জাফর ইকবাল এর নিরাপত্তা প্রসঙ্গে
সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা- ০৩.০৭৪.৩৭.০৪৮.০০.০০১.১৮-৪৪,
তারিখ: ০৫/০২/২০১৮।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে প্রাপ্ত বাংলাদেশ পুলিশ, নগর বিশেষ শাখা, সিলেট মেট্রোপলিটন পুলিশ (এসএমপি), সিলেট-এর প্রতিবেদন অনুসারে জানানো যাচ্ছে যে, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি), সিলেট-এর অধ্যাপক ড. মুহাম্মদ জাফর ইকবাল সিলেট মহানগর এলাকা এবং বিশ্ববিদ্যালয় এলাকাসহ বাসা ও অন্য কোন স্থানে গমনাগমন ও অবস্থানকালে তাঁকে এসএমপি কর্তৃক সার্বক্ষণিক নিরাপত্তা প্রদান করা হয়ে থাকে। নিরাপত্তা ব্যবস্থার মধ্যেই পরিচিত-অপরিচিত বিভিন্ন ব্যক্তি ও ছাত্র/ছাত্রী অধ্যাপক ড. মুহাম্মদ জাফর ইকবালের সাথে সেলফি তোলায় ইচ্ছা প্রকাশ করলে তিনি তাদের নিরাশ করেন না। এছাড়া, তিনি অফিসকক্ষে অবস্থানকালে কোনো ছাত্র বা অপরিচিত ব্যক্তি প্রবেশের সময় তাঁর নিরাপত্তায় নিয়োজিত পুলিশ তাদেরকে জিজ্ঞাসাবাদকালে অথবা পরিচয় জানতে চাইলে তিনি নিজেই সরল বিশ্বাসে প্রবেশের অনুমতি দিয়ে থাকেন।

২.০ অধ্যাপক ড. মুহাম্মদ জাফর ইকবাল প্রতিদিন বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগ ও সিএসসি বিভাগের ৪/৫টি ক্লাসে পাঠদান করে থাকেন এবং ছাত্র/ছাত্রীর সংখ্যা আনুমানিক ৪০০/৪৫০ জন। অনেক ক্ষেত্রে কর্তব্যরত পুলিশের পক্ষে সবার চেহারা চেনা সম্ভবপর হয় না। তিনি যখন ল্যাবে পাঠদান করেন, তখন ল্যাবের ভেতরের অবস্থা সম্পর্কে জানা যায় না। ফলে কোনো দুষ্কৃতকারী যদি ছাত্রের ছদ্মবেশে কোনো সময় ক্লাস/ অফিস/ ল্যাবের ভেতর প্রবেশ করে, তাহলে অধ্যাপক ড. মুহাম্মদ জাফর ইকবালের নিরাপত্তা ব্যবস্থা বিঘ্নিত হতে পারে।

৩.০ এমতাবস্থায়, অধ্যাপক ড. মুহাম্মদ জাফর ইকবাল-এর নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২-৭-২০১৮

সৈয়দ আলী রেজা

উপসচিব

উপাচার্য

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট।


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮০.৯৯.০০১.১৭.২২০/১(২)

তারিখ: ২৮ আষাঢ়. ১৪২৫

১২ জুলাই ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) পুলিশ সুপার, নগর বিশেষ শাখা, (সিলেট মেট্রোপলিটন পুলিশ) এসএমপি, সিলেট।
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১২-৭-২০১৮

সৈয়দ আলী রেজা

উপসচিব